বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক সংবাদ

তারিখ ... 18 JAN 1989 ...
পৃষ্ঠা ... 4 কলাম 3 ...

# চারটি জেলায় শিক্ষক সমিতি ফেডারেশনের সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের জেলা সম্মেলন কর্মসূচীর আওতায় গত ২৯,৩০ ৩১শে ডিসেম্বর ও ১লা জানুয়ারী যথাক্রমে রংপুর, দিনাজপুর, চাঁপাইনবাবগঞ্জ ও রাজশাহীতে শিক্ষক সম্মেলন অনুষ্ঠিত হয়। ফেডারেশনের সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ এ,কে, এম শহীদুল্লাহর নেতৃত্বে কেন্দ্রীয় নেতৃবৃন্দ সম্মেলনে উপস্থিত ছিলেন। সম্মেলনে শিক্ষকদের ১৩ দফা দাবী অবিলম্বে পূরণের জন্য সরকারের নিকট জোর দাবী জানানো হয়।

সম্মেলনে অধ্যক্ষ আনসারুল হোসেনকে সভাপতি ও মো: আবদুল বাতেনকে সম্পাদক করে রংপুর জেলা কমিটি, অধ্যক্ষ আবদুল আজিজকে সভাপতি ও সাইফুদ্দিন আহমদকে সম্পাদক করে দিনাজপুর জেলা কমিটি, অধ্যক্ষ ডঃ মোসলেম আলীকে সভাপতি ও অধ্যক্ষ তফির উদ্দিন আহমদ কে সম্পাদক করে রাজশাহী জেলা কমিটি এবং অধ্যক্ষ মো: তরিকুল ইসলামকে সভাপতি ও অধ্যাপক সায়েদুর রহমানকে সম্পাদক করে ফেডারেশনের চাঁপাইনবাবগঞ্জ জেলা কমিটি গঠিত হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তি।